

বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্প ২০১৯ উপলক্ষে র্যালি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর আয়োজনে ৬৫ টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্প ২০১৯ অনুষ্ঠিত হবে আগামী ১৭ এপ্রিল পর্যন্ত। এই উপলক্ষে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ধারাবাহিকতায় আজ (৭ এপ্রিল, ২০১৯-রবিবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে একটি র্যালি অনুষ্ঠিত হয় এবং র্যালিতে উক্ত প্রতিযোগিতার মশাল প্রদর্শিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান সহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ র্যালিতে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য প্রতিযোগিতাটির উদ্বোধন হয়েছে গত ২৯ মার্চ এবং প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টে রয়েছে ফুটবল, ক্রিকেট, টেবিল টেনিস, বাস্কেটবল, ব্যাডমিন্টন, সাতার, হ্যান্ডবল এবং ভলিবল।